# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
# SYLHET AGRICULTURAL UNIVERSITY, SYLHET

ফোন : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ওয়েবসাইট : www.sau.ac.bd


স্মারক নং- শিক্ষা/ভর্তি পরীক্ষা-২০২৫(৬১১)/২৫/১২৭ তারিখ: ০৭-০৬-২০২৬

## ভর্তি সংক্রান্ত নির্দেশনা

**বিষয়ঃ সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (লেভেল ১ সেমিস্টার ১) শ্রেণিতে সুযোগ পাওয়া ছাত্র-ছাত্রীদের করণীয়ঃ**

১. অদ্য ৭ জুন হতে আগামী ১০ জুন ২০২৬ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://sau.ac.bd) সংশ্লিষ্ট লিংকে গিয়ে PIN এবং Roll দিয়ে Login করে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে প্রদান করার পর স্বয়ংক্রিয়ভাবে Registration Form, Medical Form, Hall Admission Form তৈরি হয়ে যাবে, যা শিক্ষার্থীরা নিজেদের প্রয়োজনে প্রিন্ট কপি সংরক্ষণ করতে পারে।

২. আগামী ১০ ও ১১ জুন ২০২৬ তারিখের মধ্যে যে কোন দিন সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত স্থানসমূহে সশরীরে উপস্থিত থেকে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।

| ভর্তির ধাপসমূহ | ছাত্র-ছাত্রীদের রিপোর্টিং এর স্থান | অফিস এবং কার্যক্রম |
|---|---|---|
| ১. | কেন্দ্রীয় লাইব্রেরি | আইসিটি সেল: ভর্তি পরীক্ষার প্রবেশপত্র দেখে অনলাইন ভেরিফিকেশন। |
| ২. | হেলথ কেয়ার সেন্টার | বাঁধন: ব্লাড গ্রুপিং করে রিপোট প্রদান। ছাত্র-ছাত্রীরা ব্লাড গ্রুপিং এর রিপোর্ট সঙ্গে আনলে আর ব্লাড গ্রুপিং করতে হবে না। |
| | | হেলথ কেয়ার সেন্টার: স্বাস্থ্য পরীক্ষা করে চীফ মেডিকেল অফিসার মহোদয় মেডিকেল ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| ৩. | সংশ্লিষ্ট ডিন অফিস | ডিন অফিস কর্তৃক মূল কাগজপত্র যাচাই-বাছাই করে মূল ভর্তি ফরমে ছাত্র-ছাত্রীর স্বাক্ষর নিয়ে ডিন মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| ৪. | ছাত্র, পরামর্শ ও নির্দেশনা দপ্তর | পরিচালক মহোদয় ছাত্রদের প্রিন্টকৃত ফরমটি জমা রেখে মূল ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| ৫. | সংশ্লিষ্ট হল | নির্ধারিত হলের প্রভোস্ট মহোদয় হল ভর্তি ফরম জমা নিয়ে ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| ৬. | পূবালী ব্যাংক পিএলসি শাহী ঈদগাহ এর কার্যক্রম Self Service ATM Booth সিকৃবি ক্যাম্পাসে করা হবে | সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও আনুষঙ্গিক ফি সকল অনুষদের জন্য ২২৮০০/- (বাইশ হাজার আটশত) টাকা পরিশোধ করতে হবে। অনলাইনে ১০০০০/- (দশ হাজার) টাকা প্রদান করায় প্রার্থীদেরকে অবশিষ্ট ১২৮০০/- (বারো হাজার আটশত) টাকা পূবালী ব্যাংক পিএলসি, শাহী ঈদগাহ (Self Service ATM Booth, সিকৃবি, ক্যাম্পাস) শাখায় একাউন্ট নং ৩৬৮৫১০২০০০৭৯৬ এ জমা প্রদান করে রশিদ সংগ্রহ করতে হবে। |
| ৭. | সংশ্লিষ্ট ডিন অফিস | সকল স্বাক্ষর শেষে ছাত্র-ছাত্রীদেরকে ভর্তি ফরমটি ও নিম্নোক্ত ডকুমেন্টসমূহ জমা নিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন। |

৩. শিক্ষার্থীদেরকে ভর্তির সময় সংশ্লিষ্ট অনুষদীয় ডিন অফিসে যে সকল ডকুমেন্টস জমা প্রদান করতে হবে:

i. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র

ii. রেজিস্ট্রেশন ফরমে সঠিকভাবে নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং ই-মেইল লিখতে হবে।

iii. ভর্তি ফরমে ডিন, প্রক্টর, প্রভোস্ট মহোদয়ের স্বাক্ষর নিয়ে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

a. রেজিস্ট্রেশন ফরম, মেডিকেল ফরম, হল ভর্তি ফরম, অঙ্গীকারনামা, সার্টিফিকেট, চেকলিস্ট

b. এস.এস.সি ও এইচ.এস.সি. এর মূল মার্কশীট, মূল সনদ/প্রভিশনাল সনদ ও প্রশংসাপত্র (এইচ.এস.সি. এর মূল সনদ বোর্ড হতে সরবরাহ না হয়ে থাকলে সাময়িক সনদ জমা দিতে হবে এবং পরবর্তীতে মূল সনদ প্রাপ্তি সাপেক্ষে জমা দিতে হবে)

c. ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ও ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি

d. জাতীয় পরিচয়পত্র /জন্মনিবন্ধন সনদের ছায়ালিপি

e. অভিভাবক (পিতা/মাতা/প্রযোজ্য ক্ষেত্রে অন্য কেউ) এর জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি

f. ব্যাংকে ভর্তির ফি জমা প্রদানের রশিদ

iv. সংরক্ষিত আসনের জন্য (উপরোল্লিখিত কাগজপত্র ছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয়):

a. মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে পিতা-মাতার অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল থাকলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্রের মূল কপি দেখাতে হবে এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। প্রত্যয়নপত্র জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

b. পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি দেখাতে হবে এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

c. প্রতিবন্ধী কোটার প্রার্থীদেরকে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদের মূল কপি।

৪. ওরিয়েন্টেশন এবং ক্লাশ শুরুর তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে জানানো হবে।

৫. ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য:

i. লেভেল-১, সেমিস্টার-১ এ পরবর্তী শিক্ষাবর্ষের সাথে পুনঃভর্তির ক্ষেত্রে নিয়মিত শিক্ষাবর্ষে ১৫% ক্লাসে উপস্থিতি থাকতে হবে। তবে এই সুবিধা একবারের বেশি পাওয়া যাবে না।

ii. ভর্তি বাতিল হলে বা করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।

৬. পুনঃভর্তি সংক্রান্ত তথ্য:

i. লেভেল-১,সেমিস্টার-১ এ পরবর্তী শিক্ষাবর্ষের সাথে পুনঃভর্তির ক্ষেত্রে নিয়মিত শিক্ষাবর্ষে গড়ে কমপক্ষে ১৫% ক্লাসে উপস্থিত থাকতে হবে। তবে এই সুবিধা একবারের বেশি পাবে না।

ii. আবেদন বিবেচিত হলে শিক্ষা শাখা থেকে পুনঃভর্তির আদেশ প্রদানের পর নির্ধারিত সময়ের মধ্যে পুনঃভর্তি ফি বাবদ ১০,৩০০/- (দশ হাজার তিনশত) টাকা জমা দিতে হবে।

ধন্যবাদান্তে,

07.06.2026

মোহাম্মদ গোলাম রসুল
এডিশনাল রেজিস্ট্রা (অ.দা.)
শিক্ষা শাখা (রেজিস্ট্রার কার্যালয়)
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

স্মারক নং- শিক্ষা/ভর্তি পরীক্ষা-২০২৫(৬১১)/২৫/১২৭ তারিখ: ০৭-০৬-২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। আহ্বায়ক, ডিন কাউন্সিল, সিকৃবি, সিলেট।
২। সকল ডিন, সিকৃবি, সিলেট।
৩। সকল হল প্রভোস্ট, সিকৃবি, সিলেট।
৪। পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), সিকৃবি, সিলেট।
৫। প্রক্টর, সিকৃবি, সিলেট।
৬। পরিচালক (আইসিটি), সিকৃবি, সিলেট (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
৭। ব্যবস্থাপক, পূবালী ব্যাংক পিএলসি, শাহী ঈদগাহ শাখা, সিলেট।
৮। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), সিকৃবি, সিলেট।
৯। নোটিশ বোর্ড
১০। অফিস কপি

07/06/26

সন্তোষ রঞ্জন পাল
ডেপুটি রেজিস্ট্রার
শিক্ষা শাখা (রেজিস্ট্রার কার্যালয়)
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।